# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মাথা মুণ্ডনের ফযীলত

মাথা মুণ্ডনের ফযীলত সম্পর্কে বিভিন্ন বর্ণনা এসেছে, যেমন :

- যারা মাথা মুণ্ডন করবে, তাদের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্ষমার দো‘আ করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«اللَّهُمَّ اغْفِرْ لِلْمُحَلِّقِينَ قَالُوا وَلِلْمُقَصِّرِينَ، قَالَ اللَّهُمَّ اغْفِرْ لِلْمُحَلِّقِينَ، قَالَهَا ثَلاَثًا، قَالُوا وَلِلْمُقَصِّرِينَ، قَالَ وَلِلْمُقَصِّرِينَ»

‘হে আল্লাহ, মাথা মুণ্ডনকারিদের ক্ষমা করুন।’ তাঁরা বললেন, চুল ছোটকারিদেরকেও, তিনি বললেন, ‘হে আল্লাহ মাথা মুণ্ডনকারিদের ক্ষমা করুন।’ তিনবার তিনি তা বললেন। তারা বললেন, ছোটকারিদেরও। তখন তিনি বললেন, ‘চুল ছোটকারিদেরকেও (ক্ষমা করুন)।’[1]

এতে মাথা মুণ্ডনকারিদের জন্য দো‘আ করেছেন তিনবার আর যারা চুল ছোট করেছে, তাদের জন্য দো‘আ করেছেন একবার।

- যারা মাথা মুণ্ডন করবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জন্যে রহমতের দো‘আ করেছেন। ইবন উমর রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«رَحِمَ اللَّهُ الْمُحَلِّقِينَ قَالُوا : وَالْمُقَصِّرِينَ يَا رَسُولَ اللهِ ؟ قَالَ : رَحِمَ اللَّهُ الْمُحَلِّقِينَ قَالُوا : وَالْمُقَصِّرِينَ يَا رَسُولَ اللهِ ؟ قَالَ : رَحِمَ اللَّهُ الْمُحَلِّقِينَ قَالُوا : وَالْمُقَصِّرِينَ يَا رَسُولَ اللهِ ؟ قَالَ : وَالْمُقَصِّرِينَ».

‘মাথা মুণ্ডনকারিদের ওপর আল্লাহ রহম করুন।’ তারা বললেন, ‘হে আল্লাহর রাসূল, চুল ছোটকারিদের ওপরও?’ তিনি বললেন, ‘মাথা মুণ্ডনকারিদের ওপর আল্লাহ রহম করুন।’ তারা বললেন, হে আললাহর রাসূল, চুল ছোটকারিদের ওপরও? তিনি বললেন, ‘মাথা মুণ্ডনকারিদের ওপর আল্লাহ রহম করুন।’ তারা বললেন, হে আল্লাহর রাসূল, চুল ছোটকারিদের ওপরও’ তিনি বললেন, ‘চুল ছোটকারিদের ওপরও।’[2]

- রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজেও মাথা মুণ্ডন করেছেন। হাদীসে এসেছে,

«أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَتَى مِنًى فَأَتَى الْجَمْرَةَ فَرَمَاهَا ثُمَّ أَتَى مَنْزِلَهُ بِمِنًى وَنَحَرَ ثُمَّ قَالَ لِلْحَلاَّقِ خُذْ وَأَشَارَ إِلَى جَانِبِهِ الأَيْمَنِ ثُمَّ الأَيْسَرِ ثُمَّ جَعَلَ يُعْطِيهِ النَّاسَ».

‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিনায় এলেন, জামরাতে এসে তিনি কঙ্কর নিক্ষেপ করলেন। এরপর মিনায় তাঁর অবস্থানের জায়গায় এলেন এবং কুরবানী করলেন। তারপর ক্ষৌরকারকে বললেন, নাও। তিনি হাত দিয়ে (মাথার) ডান দিকে ইশারা করলেন, অতঃপর বাম দিকে। তারপর লোকদেরকে তা দিতে লাগলেন।’[3]

আর নিঃসন্দেহে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা করেছেন তাই সর্বোত্তম কাজ।

- মাথা মুণ্ডনের কারণে প্রতিটি চুলের জন্য একটি নেকী ও একটি গোনাহ মাফ করে দেয়া হয়। ইবন উমর রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«وَأَمَّا حَلْقُكَ لِرَأْسِكَ فَإِنَّ لَكَ بِكُلِّ شَعْرَةٍ حَسَنَةٌ وَتَسْقُطُ سَيِّئَةٌ»

‘আর তোমার মাথা মুণ্ডন, এতে প্রত্যেক চুলের বিনিময়ে তোমার জন্যে একটি সওয়াব ও একটি গুনাহের ক্ষমা রয়েছে।[4]

আনাস ইবন মালেক রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«وَأَمَّا حِلاقُكَ رَأْسَكَ ، فَلَكَ بِكُلِّ شَعْرَةٍ حَلَقْتَهَا حَسَنَةٌ ، وَتُمْحَى عَنْكَ بِهَا خَطِيئَةٌ " قَالَ : يَا رَسُولَ اللَّهِ ، فَإِنْ كَانَتِ الذُّنُوبُ أَقَلَّ مِنْ ذَلِكَ ؟ قَالَ : " إِذًا يُذْخَرُ لَكَ فِي حَسَنَاتِكَ»

‘আর তোমার মাথা মুণ্ডনের ফলে মুণ্ডানো প্রত্যেক চুলের বিনিময়ে তোমার জন্য একটি সওয়াব রয়েছে এবং একটি করে গুনাহের বিলুপ্তি রয়েছে। তিনি বললেন, ইয়া রাসূলাল্লাহ, গুনাহসমূহ যদি এর চেয়ে কম হয়? রাসূলুল্লাহ বললেন, তাহলে তা তোমার নেক আমলসমূহে জমা রাখা হবে।[5]

- কিয়ামতের দিন মুণ্ডিত প্রত্যেকটি চুল নূরে পরিণত হবে। উবাদা ইবন সামেত রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«وَأَمَّا حَلْقُكَ رَأْسَكَ فَإِنَّهُ لَيْسَ مِنْ شَعْرِكَ شَعْرَةٌ تَقَعُ فِي الأَرْضِ إِلاَّ كَانَتْ لَكَ نُوْرًا يَوْمَ الْقِيَامَةِ».

‘আর, তোমার মাথা মুণ্ডনের ফলে মুণ্ডানো চুল থেকে যা যমীনে পড়বে, তার প্রত্যেকটা কিয়ামতের দিন তোমার জন্য নূরে পরিণত হবে।’[6]

## ফুটনোট

[1]. বুখারী : ১৭২৮।

[2] ইবন মাজাহ্. ৩০৪৪।

[3]. মুসলিম : ২২৯৮।

[4]. সহীহুত তারগীব ওয়াত তারহীব : ১১১২।

[5]. কাশফুল-আস্তার (মুসনাদে বাযযার) : ১/৪১১। সহীহুত তারগীব, হাদীস নং ১১১৩।

[6]. তাবারানী ফীল কাবীর : ১৩৫৬৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7420

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন